



ঢাকা সিটি কলেজ

স্থাপিত-১৯৫৭

রোড নং-২, ধানমণ্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন : ২২৩৩৬৪১১৫

www.dhakacitycollege.edu.bd

সূত্র নং

তারিখ : ২২/০৮/২০২৪

সকল শিক্ষকবৃন্দের বার্তা

প্রিয় শিক্ষার্থীবৃন্দ,

তোমাদের সবাইকে জানানো যাচ্ছে যে, সম্প্রতি ঘটে যাওয়া ঘটনাবলির প্রেক্ষিতে আমরা, কলেজের শিক্ষকবৃন্দ, তোমাদের প্রতি আমাদের দায়িত্বের ব্যাপারে অত্যন্ত সচেতন। আমরা জানি, এই সময়ে তোমাদের মনে অনেক প্রশ্ন এবং উদ্বেগ থাকতে পারে। তাই আমরা স্পষ্টভাবে বলতে চাই, ঢাকা সিটি কলেজের শিক্ষকরা তোমাদের পাশে আছেন এবং তোমাদেরকে যে কোনো ধরনের বিভ্রান্তি বা গুজবে বিভ্রান্ত না হওয়ার জন্য অনুরোধ করছি।

বর্তমান পরিস্থিতিতে, কিছু মহল উদ্দেশ্যপ্রণোদিতভাবে অস্থিতিশীলতা সৃষ্টি করতে চাইতে পারে। তোমাদের প্রতি আমাদের আহ্বান থাকবে, যে কোনো তথ্য বা খবর পাওয়ার পরে তা যাচাই করে দেখতে। গুজব বা মিথ্যা তথ্যের ফাঁদে পড়ে কোনো পদক্ষেপ না নিতে যা তোমাদের এবং কলেজের ভবিষ্যতের জন্য ক্ষতির কারণ হতে পারে।

আমাদের সবাইকে একযোগে কাজ করে এই পরিস্থিতি থেকে বেরিয়ে আসতে হবে এবং নিজেদের শিক্ষার প্রতি মনোযোগী হতে হবে। শিক্ষার মানোন্নয়নে আমরা তোমাদের সবধরনের সহায়তা করতে প্রতিজ্ঞাবদ্ধ। তোমাদের একমাত্র লক্ষ্য হওয়া উচিত নিজেদের উন্নতি এবং ভবিষ্যৎকে সমৃদ্ধ করা, আর এজন্য আমরা সবসময় তোমাদের পাশে রয়েছি।

সবশেষে, আমরা তোমাদের আশ্বস্ত করতে চাই যে, বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর কাজি নেয়ামুল হক এবং উপাধ্যক্ষ প্রফেসর মোঃ মোখলেসুর রহমান এর নেতৃত্বে কলেজের পরিচালনা স্বাভাবিক আছে এবং আমরা একসাথে একটি সুন্দর ও সমৃদ্ধ ভবিষ্যতের পথে এগিয়ে যাচ্ছি। সুতরাং, নিজের উপর এবং আমাদের উপর বিশ্বাস রাখো, এবং পড়াশোনার প্রতি মনোনিবেশ করো। আমরা নিশ্চিত, তোমাদের প্রচেষ্টা এবং আমাদের সহযোগিতায় এই কলেজ আবারও তার গৌরব ফিরে পাবে।

ধন্যবাদান্তে,

ঢাকা সিটি কলেজের সকল শিক্ষকবৃন্দ

ঢাকা সিটি কলেজের বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ এবং ভারপ্রাপ্ত উপাধ্যক্ষ সৈরাচার বিরোধী আন্দোলনের রাজপথে শিক্ষার্থীদের সাথে সম্মুখ সমরে সংগ্রামে অংশগ্রহণের ভিডিও লিংক:

https://www.youtube.com/watch?v=pYJ_uHoXQ-Q